



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

Bangladesh Open University

বোর্ড বাজার, গাজীপুর-১৭০৫



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর Annual Performance Agreement টিমের ৯ম সভার  
কার্যবিবরণী

তারিখ : ১৯-০৬-২০২১ ইং, শনিবার।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)- এর Annual Performance Agreement টিমের ৯ম সভা (ভার্চুয়াল) Zoom এর মাধ্যমে ১৯.০৬.২০২১ তারিখ দুপুর রাত ৮.০০ টায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় রেজিস্ট্রার ড. মহাঃ শফিকুল আলম এবং টিম লিডার, এপিএ টিম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নলিখিত সম্মানিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন :

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। জনাব আবুল কাসেম শিখদার, পরিচালক, তথ্য ও গণসংযোগ বিভাগ ও সদস্য এপিএ টিম, বাউবি।
- ২। জনাব মোঃ হিমায়েত মিয়া, পরিচালক, অর্থ ও হিসাব ও সদস্য, এপিএ টিম, বাউবি।
- ৩। ড. এএইচএম আনিসুর রহমান আখন্দ, পরিচালক, স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ ও সদস্য, এপিএ টিম, বাউবি।
- ৪। জনাব মোঃ মাহবুব-উল- ইসলাম, যুগ্ম পরিচালক (পার্সোনেল-১, কর্মকর্তা) প্রশাসন বিভাগ ও সদস্য এপিএ টিম, বাউবি।
- ৫। এম এস নাজনীন আখতার, যুগ্ম পরিচালক (কাউন্সিল) প্রশাসন বিভাগ ও ফোকাল পয়েন্ট, এপিএ টিম, বাউবি।
- ৬। এম এস মমতাজ বেগম, উপ-পরিচালক (মনিটরিং), পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ ও সদস্য, এপিএ টিম, বাউবি।


সভার শুরুতে মাননীয় সভাপতি ড. মহাঃ শফিকুল আলম, রেজিস্ট্রার, বাউবি, এপিএ টিমের সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন।


আলোচনা ও সিদ্ধান্ত

ড. মহাঃ শফিকুল আলম, রেজিস্ট্রার এবং টিমলিডার, এপিএ টিম, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২১-২০২২) বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সাথে ২৩-০৬-২০২১ তারিখে স্বাক্ষরের বিষয়ে এপিএ টিমের সকলকে অবহিত করেন। এছাড়াও তিনি ২০২১-২০২২ অর্থবছরের বাউবির খসড়া এপিএ সকল স্কুল, বিভাগ, মাঠ পর্যায়ের আঞ্চলিক পরিচালক এবং বাউবির সকল এপিএ সংক্রান্ত কমিটির (নৈতিকতা কমিটি, শুদ্ধাচার কমিটি, ইনোভেশন কমিটি) সকল সদস্যে মতামতের ভিত্তিতে বাউবির বার্ষিক কর্মসম্পাদন চুক্তি চুক্তি ২০২১-২০২২ চূড়ান্তকরণের লক্ষ্যে একটি কর্মশালা আহ্বান করার প্রস্তাব করেন। এপিএ টিমের সকল সদস্য এ ওয়ার্কশপের প্রয়োজনীয়তার বিষয়ে একমত পোষণ করেন এবং এ ধরনের উদ্যোগের ফলে ২০২১-২০২২ অর্থবছরের বাউবির বার্ষিক কর্মসম্পাদন চুক্তি আরো বেশি কার্যকর এবং বাস্তবধর্মী করবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন।

অতঃপর বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২০২২ বিষয়ক কর্মশালার অংশগ্রহণকারী, রিসোর্সপারসন, আলোচক, অনুষ্ঠানসূচি, Banner, ভেন্যু, এবং ব্যবস্থাপনার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বিভিন্নদিক বিবেচনায় নিয়ে উক্ত কর্মশালার অনুষ্ঠানসূচি (সংযোজনী-১) এবং Banner (সংযোজনী-২) চূড়ান্ত করা হয় এবং উক্ত কর্মশালাকে সাফল্যমন্ডিত করার বিষয়ে সকলপ্রকার সহযোগিতা করার বিষয়ে সকল সদস্য অঙ্গীকার ব্যক্ত করেন।

সভায় আর কোনো আলোচ্য না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
নাজনীন আখতার  
যুগ্ম পরিচালক (কাউন্সিল)  
ও  
ফোকাল পয়েন্ট, এপিএ-টিম  
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

  
ড. মহাঃ শফিকুল আলম  
রেজিস্ট্রার  
এবং  
টিম লিডার, এপিএ-টিম  
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।